



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নেত্রকোন সদর, নেত্রকোণা।
E-mail:useonetros@gmail.com



স্মারক নং-উমাশিঅ/নেত্র-সদ/২০২১/৯১২ (এ)

তারিখ : ০৭/১০/২০২১খ্রিঃ।

বিষয় : উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, নেত্রকোণা সদর উপজেলাধীন উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা আগামী ১২/১০/২০২১ খ্রিঃ রোজ মংগলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময়ে সভায় যোগদানের জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হল।

সভার আলোচ্য সূচীঃ

১. শিক্ষার মানউন্নয়ন নিয়ে আলোচনা।
২. প্রতিষ্ঠানে টয়লেট নির্মাণ ও সংস্কার নিয়ে আলোচনা।
৩. শ্রেণিকক্ষ সম্প্রসারণ সংক্রান্ত আলোচনা।
৪. বিবিধ।

.....
.....
.....

(মোঃ আবদুল বাতেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা) ও সভাপতি, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি, নেত্রকোণা সদর।
৪. অফিস নথি।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব তুহিন আক্তার, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা) মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ ও সময়ঃ ১২/১০/২০২২খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণাকে অনুরোধ জানান। সভার আলোচ্য সূচীর আলোকে বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

- ১) শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার সম্পর্কিত আলোচনায় অবকাঠামো দুর্বল শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কাজের নিমিত্তে আসবাবপত্র/বেঞ্চ ও টয়লেট নির্মাণ এবং মাঠের মাটি ভরাট ও বাউন্ডারী ওয়াল নির্মাণে উপজেলা পরিষদ বরাবরে প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২) কে-গাতি ইউপি চেয়ারম্যান প্রস্তাব করেন কোন কোন প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষ নির্মাণ এবং বিদ্যালয়ের মাঠে মাটি ভরাটের প্রয়োজনীয় বরাদ্দের জন্য পরিষদ বরাবরে অনুরোধ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তুহিন আক্তার)

উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা)

উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

তারিখঃ ১২/১০/২০২২খ্রিঃ

স্মারকনংঃ উমাশিঅ/নেত্র-সদর/স্ট্যাঃ কঃ/২০২১/ ১৬৬(ক)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৩. উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৪. উপজেলা ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ ও কো-অপ্ট সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৫. অফিস নথি।

(মোঃ আবদুল বাতেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।